

2 0 1 2

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 2½ hours

The figures in the margin indicate full marks
for the questions

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) “নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে
পুলক-মুকুল-অবলম্ব”
‘নীরদ’ শব্দের অর্থ কী ?
- (খ) “নামহি — ক্রুর নাহি যা সম
সো আওল ব্রজ-মাঝ ।”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (গ) চির চন্দন উরে হার না দেলা ।
সো অব নদী-গিরি আঁতর ভেলা ॥
পদটির রচয়িতা কে ?
- (ঘ) মন্দির বাহির কঠিন কপাট ।
চলইতে — পক্ষিল বাট ॥
(শূন্যস্থান পূর্ণ করো)
- (ঙ) চৈতন্যদেব কোন্ তিথিতে জন্মগ্রহণ করেছিলেন ?

(চ) “প্রভু কহে বৈদ্য তুমি ইহা কেনে পড় ।
লতাপাতা দিয়া গিয়া রোগী কর দড় ॥”
—এখানে কোন্ বৈদ্যের কথা বলা হয়েছে ?

(ছ) “পাইয়া গুরুর প্রেম কৃষ্ণের প্রসাদে ।
ভ্রমেন ঈশ্বরপুরী অচি নির্বিরোধে ॥”
ঈশ্বরপুরীর গুরুর নাম কী ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) “বিশ্বপ্রিয়া বলে আর কি কব জননী ।
চারিদিকে অমঙ্গল কাঁপিছে পরাণী ॥”

বিশ্বপ্রিয়া কে ? ‘চারিদিকে অমঙ্গল’ বলতে এই অংশে কী বোঝানো হয়েছে ?

(খ) “বয়সে কিশোরী রাজার কুমারী
তাহে কুলবধু বাল্য”

রাজার পিতৃ পরিচয় কী ? তাঁর স্বামীর নাম কী ?

(গ) “যতেক আছিল গঙ্গাজলের কলস ।
আগে সব ভাঙ্গিলেন হই ক্রোধ বশ ॥”

গৌরান্দের ক্রোধের কারণ কী ?

(ঘ) “দেখি প্রভু জিজ্ঞাসেন পড়ুয়ার স্থানে ।
এ বেটা আমারে দেখি পলাইল কেনে ॥”

—এখানে ‘বেটা’ বলতে কাকে বোঝানো হয়েছে ? তিনি পালিয়েছিলেন কেন ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “নাগর-সঙ্গে রঙ্গে যব বিলসই
কুঞ্জে শুতলি ভুজপাশে ।
কানু কানু করি রোয়ই সুন্দরী
দারুণ বিরহ হতাশে ।”

পদটি অবলম্বনে ‘প্রেম বৈচিত্র্য’ পর্যায়ের বৈশিষ্ট্য আলোচনা
করো ।

- (খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

ঘরের বাহিরে দণ্ডে শতবার
তিলে তিলে আইসে যায় ।
মন উচাটন নিঃশ্বাস সঘন
কদম্ব কাননে চায় ॥

- (গ) ‘চৈতন্য ভাগবত’ গ্রন্থ অনুসরণে গৌরান্দের ‘নামকরণ পর্ব’
আলোচনা করো ।

- (ঘ) পড়িয়া শুনিয়া সব শিশুগণ সঙ্গে ।
গঙ্গাস্নানে মধ্যাহ্নে চলয়ে সব সঙ্গে ॥

বালক গৌরান্দের গঙ্গাঘাটে দৌরাভ্য পর্ব সম্বন্ধে সংক্ষেপে
আলোচনা করো ।

- (ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

প্রভু বোলে তোরা মোরে না দিস পড়িতে ।
ভদ্রাভদ্র মূর্খ বিপ্র জানিব কেমতে ॥

- ৪। প্রতিটি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) বৈষ্ণব পদাবলীতে ‘গৌরচন্দ্রিকা’ এবং ‘গৌরান্দ বিষয়ক পদ’-এর মধ্যে কোনো পার্থক্য আছে কি? আলোচনা করো।
- (খ) ‘পূর্বরাগ’-এর সংজ্ঞা নিরূপণ করে তোমার অধীত পদ অবলম্বনে এই পর্যায়ের ভাব-সৌন্দর্য আলোচনা করো।
- (গ) ‘মাথুর’ পর্যায়ের বিষয়বস্তু সংক্ষেপে উল্লেখ করে এজাতীয় পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্ব বিচার করো।

খ—গুচ্ছ

- (ঘ) ‘চৈতন্য ভাগবত’ গ্রন্থে তৎকালীন নবদ্বীপের যে সমাজচিত্র ফুটে উঠেছে, তা আলোচনা করো।
- (ঙ) বৃন্দাবনদাসকে কেন ‘চৈতন্যলীলার ব্যাসদেব’ বলা হয় তা বুঝিয়ে লেখো।
- (চ) চৈতন্য-জীবনের বাস্তব ঘটনাবলীর পটভূমিতেই চৈতন্য-চরিত্রের অলৌকিক মহিমা বর্ণনা করে গিয়েছেন বৃন্দাবনদাস তাঁর ‘চৈতন্য ভাগবত’ কাব্যে।—পাঠ্যাংশ থেকে দৃষ্টান্ত দিয়ে বিষয়টি পরিস্ফুট করো।

★ ★ ★